# বিএনপি গণতান্ত্রিক চেতনার দল, বিপ্লবী সংগঠন নয়: মির্জা ফখরুল



সংগৃহীত ছবি

বিএনপিকে বিপ্লবী সংগঠন হিসেবে নয়, স্বাধীনচেতা ও গণতান্ত্রিক রাজনৈতিক দল হিসেবে বর্ণনা করেছেন মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তার ভাষায়, গণতন্ত্রের প্রতি আস্থা থেকেই বিএনপি বছরের পর বছর সংগ্রাম করে যাচ্ছে, আর এই মূল্যবোধ রক্ষায় দেশের সাধারণ মানুষও দীর্ঘ ইতিহাস গড়ে তুলেছে।

রাজধানীর গুলশানে 'চব্বিশের গণঅভ্যুত্থানে বিএনপি' বইয়ের মোড়ক উন্মোচন ও ডকুমেন্টারি প্রদর্শনীতে তিনি এসব মন্তব্য করেন।

ফখরুলের অভিযোগ, মানবতাবিরোধী অপরাধ সংশ্লিষ্ট মামলার রায় ঘোষণার সময় কিছু মহল ইচ্ছাকৃতভাবে উত্তেজনা ও অস্থিরতার পরিবেশ তৈরি করছে। তার মতে, এই পরিস্থিতি আসলে মূল বিষয় থেকে দৃষ্টি সরানোর চেষ্টা। তিনি রাজনৈতিক দলগুলোকে এসব ঘটনার পেছনের উদ্দেশ্য খুঁজে দেখার আহ্বান জানান।

তিনি বলেন, দেশকে ব্যর্থতার দিকে ঠেলে দিতে চাইলে গণতন্ত্রবিমুখ পথই যথেষ্ট; কিন্তু বাংলাদেশকে টিকিয়ে রাখতে হলে গণতান্ত্রিক ধারায় ফিরতে হবে এবং প্রতিষ্ঠানগুলোকে শক্তিশালী করতে হবে। সেই জায়গায় গণতন্ত্রে বিশ্বাসী সব শক্তির যৌথ উদ্যোগ এখন জরুরি।

সংস্কার বিষয়ে মন্তব্য করতে গিয়ে তিনি বলেন, কোনো ব্যক্তি বা দল একা সংস্কারের দাবি তুললে তা কেবল সংকীর্ণতার পরিচয়। বিএনপি বরাবরই কাঠামোগত সংস্কারের কথা বলে এসেছে এবং ভবিষ্যতেও সেই অবস্থানে থাকবে।